

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং : ০১/২০১৮

১৬ আগস্ট, ২০১৮  
তারিখ : -----  
০১ ভাদ্র, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
দেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

প্রিয় মহোদয়,


ব্যাংকের লেনদেনের ব্যবস্থায় সম্ভাব্য সাইবার আক্রমণ সংক্রান্ত সতর্কতা প্রসঙ্গে।

সম্প্রতি বিভিন্ন পত্র-পত্রিকা এবং গণমাধ্যমে আমাদের পার্শ্ববর্তী দেশের ব্যাংকিং ব্যবস্থা হ্যাকিংয়ের মাধ্যমে বিপুল পরিমাণ অর্থ আত্মসাৎ-এর খবর প্রকাশিত হয়েছে। এ ক্ষেত্রে সাইবার অপরাধীরা পেমেন্ট সিস্টেমস্ হ্যাক করে দেশের ভেতরে এবং দেশের বাইরে থেকে এ অর্থ হাতিয়ে নেয়। উদীয়মান অর্থনীতির দেশ হিসেবে বাংলাদেশও এ ধরনের সাইবার সিকিউরিটি এবং হ্যাকিং সংক্রান্ত নিরাপত্তা হুমকিতে রয়েছে।

এমতাবস্থায়, সম্ভাব্য সাইবার আক্রমণের ঝুঁকি মোকাবেলায় ব্যাংকের তথ্য প্রযুক্তি ব্যবস্থার নিরাপত্তা বৃদ্ধিকল্পে ০৩ মার্চ ২০১৬ তারিখে ইস্যুকৃত পিএসডি সার্কুলার নং ০২/২০১৬ এবং ২৪ আগস্ট ২০১৭ তারিখে ইস্যুকৃত পিএসডি সার্কুলার নং ০৪/২০১৭ পরিপালনসহ সাইবার নিরাপত্তা বিষয়ে নিবিড় তদারকি নিশ্চিত করতঃ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বিষয়টি সর্বাধিক গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(লীলা রশিদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৪